Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ওষুধ শিল্পে পেশাদার টেকনিশিয়ান তৈরির জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে নতুন কর্মমুখী কোর্স 'ফার্মাসিউটিক্যাল ইন্সট্রুমেন্টাল অ্যানালিসিস'

**নিজস্ব প্রতিনিধি :** কোনো ওষুধ তৈরির পর — ক্যাপসুল, মিক্সচার, ট্যাবলেট আধুনিক যন্ত্রাংশের মাধ্যমে বিশ্লেষণ করে তার গুণগত মান পরীক্ষা করা হয়। বিশ্লেষণের মাধ্যমে দেখা হয় ওষুধের গঠন ও উপাদানের মাত্রা ঠিকঠাক আছে কিনা। গুণগত মান ঠিক থাকলে তবেই ওষুধ বাজারে বেরনোর ছাড়পত্র পায়। যন্ত্রের মাধ্যমে ওষুধ বিশ্লেষণের জন্য যেমন আধুনিক যন্ত্রাংশ ব্যবহারে দক্ষ হতে হয়, তেমনি আধুনিক ফার্মোকোলজিক্যাল পদ্ধতি সম্পর্কে জ্ঞান থাকতে হয়। ওষুধ শিল্পে এই ধরণের প্রশিক্ষিত পেশাদারদের খুব অভাব। কারণ বেশিরভাগ ওষুধ শিল্পসংস্থায় কর্মীদের হাতে-কলমে কাজ শেখানোর সুযোগ থাকে না। আবার ফার্মাসি কোর্সে ব্যবহারিক প্রয়োগের তেমন সুযোগ নেই। আর এই প্রযুক্তিগত দক্ষতা থাকে না বলে অনেক ক্ষেত্রেই কর্মীদের কাজ হারাতে হয়।

এবারে সেই সমস্যার সমাধান করতে শিল্পের উপযোগী পেশাদার তৈরির জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার জিআইএস গ্রুপের গুরু নানক ইনস্টিটিউট অফ ফার্মাসিউটিক্যাল সায়েন্স অ্যান্ড টেকনোলজির সঙ্গে যৌথ উদ্যোগে শুরু করতে চলেছেন নতুন কর্মমুখী কোর্স 'ফার্মাসিউটিক্যাল ইন্সট্রুমেন্টাল অ্যানালিসিস'। সারা পূর্ব ভারতে এই ধরণের কর্মমুখী পেশাদার কোর্স এই প্রথম শুরু হচ্ছে। বায়োসায়েন্স বিভাগে যেকোনো বিষয় ও কেমিস্ট্রি বিষয় নিয়ে বি.এসসি. পাশ বা, ফার্মাসি বিষয়ে ডিগ্রি বা, পোস্ট গ্র্যাজুয়েট কোর্স পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই করা হবে কাউন্সেলিং ও ইন্টারভিউয়ের ভিত্তিতে। আগে আসার ভিত্তিতে সুযোগ।

৯ মাসের কোর্স। থিওরেটিক্যাল অংশে আছে এইসব পেপার : (১) স্পেকট্রোস্কোপিক টেকনিক, (২) ক্রোমাটোগ্রাফিক টেকনিক, (৩) ইলেক্ট্রন মাইক্রোস্কোপিক টেকনিক, (৪) বায়োস্ট্যাটিসটিক্স। এছাড়াও আছে প্রজেক্ট ওয়ার্ক ও সেমিনার। মোট ৮০০ নম্বরের পরীক্ষা হবে। ৫০০ নম্বর থাকবে থিওরিতে আর ৩০০ নম্বর থাকবে প্রজেক্ট ওয়ার্কে। শিল্প সংস্থায় নিয়ে গিয়ে ছাত্রছাত্রীদের হাতে-কলমে প্র্যাক্টিক্যাল ট্রেনিং দেওয়া হবে। সপ্তাহে ২ দিন — সোমবার ও মঙ্গলবার ক্লাস। বেলা ১টা থেকে ৫টা পর্যন্ত ক্লাস। সীট ২৫টি।

যাদবপুর ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারের অধিকর্তা টি. কে. চট্টোপাধ্যায় জানান, এই কোর্স শেষ করার পর সফল প্রার্থীদের বিভিন্ন ওষুধ শিল্প সংস্থায় ইন্সট্রুমেন্টাল অ্যানালিস্ট পদে চাকরির সুযোগ আছে। চাহিদা অনুসারে যোগ্য লোক নেই বলে সফল প্রার্থীদের কাজের অভাব হবে না। এই কেন্দ্রের পক্ষ থেকে কাজ পেতে সাহায্য করা হবে। ভরতির জন্য নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। ৫০ টাকা দিয়ে হাতে হাতে ভরতির ফর্ম পাবেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন কাউন্টার থেকে। ফর্ম দেওয়া শুরু হয়েছে। পূরণ করা দরখাস্ত জমা দিতে হবে নিচের ঠিকানায় ২৪ এপ্রিলের মধ্যে।

ক্লাস শুরু মে মাসের প্রথম সপ্তাহ থেকে। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার (নজরুল ভবনের উল্টোদিকে বিল্ডিং), যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা- ৭০০০৩২। ফোন : ৯০৮৮৪০১৩৫৪।

## ইঞ্জিনিয়ারিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স

মুম্বইয়ের ন্যাশনাল ইনস্টিটিউট অফ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং ম্যানেজমেন্ট ও প্রোজেক্ট ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। সব ক্ষেত্রে গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং (গেট)'র বৈধ স্কোর থাকতে হবে।

মোট অন্তত ৬০% নম্বর পেয়ে (তপশিলী ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫%) বি.ই / বি.টেক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং কোর্সের জন্য আবেদন করতে পারেন। ম্যানুফ্যাকচারিং ম্যানেজমেন্ট ও প্রোজেক্ট ম্যানেজমেন্টের ক্ষেত্রে মেকানিক্যাল, প্রোডাকশন, অটোমোবাইল, কেমিক্যাল, টেক্সটাইল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, ইন্সট্রুমেন্টেশন, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স বা সমতুল শাখায় ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরাও যোগ্য। প্রোজেক্ট ম্যানেজমেন্টের ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরাও আবেদন করতে পারেন। ফাইনাল ইয়ারের ছাত্র-ছাত্রীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ৩০ সেপ্টেম্বরের মধ্যে মার্কশীট জমা দিতে হবে। ১৫ জুনের মধ্যে গেট'র স্কোরকার্ড পেয়ে থাকতে হবে। কোর্স পড়ার সময় টিচিং অ্যাসিস্ট্যান্টশিপ বাবদ প্রতি মাসে দেওয়া হবে ১২,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে গ্রুপ ডিসকাশন, পার্সোন্যাল ইন্টারভিউ, গেট স্কোর ও শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। ইন্টারভিউ হবে ২৩ থেকে ২৫ এপ্রিল। কোন কোর্সে ক'টি সীট : ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং : ১২৫টি, ম্যানুফ্যাকচারিং ম্যানেজমেন্ট : ৪০টি, প্রোজেক্ট ম্যানেজমেন্ট ৪০টি। অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে : www.nitie.edu অনলাইনে আবেদনের শেষ দিন ২৮ মার্চ। অনলাইনে ফী বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তপশিলী ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

১ পাতার পর

ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক., বি.এসসি. -ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশ কিংবা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা 'অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)' পদের জন্য যোগ্য। বয়স হতে হবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৭,০০০ টাকা।

ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা 'সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)' পদের জন্য যোগ্য। ডিপ্লোমা কোর্স পাশের পর ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২০,০০০ টাকা। দুই পদের বেলায়ই বয়স গুণতে হবে ১-১-২০১৮'এর হিসাবে।

দরখাস্তের ফর্ম পাবেন এই ওয়েবসাইটে : www.policewb.ogv.in, www.wbphidcl.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। দরখাস্ত পৌঁছনো চাই ৩১ মার্চের মধ্যে। এই ঠিকানায় : The Chairman and Managing Director, West Bengal Police Housing & Infrastructure Development Corporation Limited, Araksha Bhawan (3rd Floor), Block - DJ, Sector -II, Salt Lake City, Kolkata - 700 091.

## কল্যাণী বিশ্ববিদ্যালয়ে স্বল্পমেয়াদি ট্রেনিং

**নিজস্ব প্রতিনিধি :** কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বয়স্ক শিক্ষা কেন্দ্রের প্রকল্প অধিকর্তা ড. নিলাদ্রী বিশ্বাস জানান, গ্রামের বেকার ছেলেমেয়েদের স্বনির্ভরতার জন্য স্বল্পমেয়াদি কর্মমুখী ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং দেওয়া হবে এই ৫টি বিষয়ে : অ্যাগ্রি হর্টিকালচার, (২) ইলেক্ট্রিক্যাল ওয়্যারিং, (৩) প্লাম্বিং, (৪) রঙিন মাছচাষ, (৫) সিভিল কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট। প্রথম ৩টি কোর্সের মেয়াদ ৬ মাস ও শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক পাশ। চতুর্থ কোর্সটির মেয়াদ ১ মাস। যোগ্যতা ক্লাস এইট পাশ। ৫নং কোর্সের মেয়াদ ১ বছর ও শিক্ষাগত যোগ্যতা দরকার মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিক পাশ। আগে আসার ভিত্তিতে সুযোগ। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : বয়স্ক শিক্ষা কেন্দ্র, কল্যাণী বিশ্ববিদ্যালয়, কল্যাণী, নদিয়া। ফোন : ২৫৮০-৮৩৭১, ৯৪৩৩৩৪২২৮৬।

## মাশরুম ও কেঁচো সার তৈরির ট্রেনিং

**নিজস্ব প্রতিনিধি :** বেলাঘাটের শ্রীনিবাস বিদ্যামন্দির মাশরুম চাষ ও কেঁচো সার তৈরির ট্রেনিং দেবে। ২টি কোর্স পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি পর্ষদ স্বীকৃত। মেয়াদ : ৬ মাস। ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। প্রতিটি কোর্সের ৬ মাসের ফী ৩৫০ টাকা। প্রতিষ্ঠানের অফিসে গিয়ে সরাসরি ভরতি হওয়া যাবে। ভরতির সময় দিতে হবে শিক্ষাগত যোগ্যতা, বয়স, আধার কার্ডের নকল ও সদ্য তোলা ২ কপি পাশপোর্ট মাপের ফটো। যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : বাথানবেড়িয়া শ্রীনিবাস বিদ্যামন্দির (উচ্চমাধ্যমিক), বাথানবেড়িয়া, কোলাঘাট, পূর্ব মেদিনীপুর, ফোন : ৯৭৩২৮-৭০৮২২।

১৩২ পাতার
দাম ২৫ টাকা
মার্চ সংখ্যা
বেরিয়েছে
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার
৫ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
আবগারি দফতরে সাব-ইন্সপেক্টর
পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
রেলের ড্রাইভার ও টেকনিশিয়ান
পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ক্লার্ক
পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
কী করে ইংরিজি বলা শিখবেন
ভারতীয় সংবিধান ও ইংরিজি নিবন্ধ
G.I ও অঙ্কের নিমেষে উত্তর করার কৌশল

## প্রশ্ন

### ন্যাশনাল সুগার ইনস্টিটিউটে সুগার টেকনোলজির কোর্স

কেন্দ্রীয় সরকারের ক্রেতা সুরক্ষা, খাদ্য ও জনবিতরণ মন্ত্রকের অধীন ন্যাশনাল সুগার ইনস্টিটিউট ২০১৮-'১৯ সেশনের জন্য সুগার টেকনোলজির বিভিন্ন কোর্সে ভরতির জন্য দরখাস্ত জমা নিচ্ছে। এখানকার প্রতিটি কোর্স কর্মমুখী। কোর্স চলার সময় স্কলারশিপ ও স্টাইপেন্ডের ব্যবস্থা আছে। ভরতি নেওয়া হচ্ছে এইসব কোর্সে : (১) পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন সুগার টেকনোলজি। ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স বিষয় নিয়ে বি.এসসি পাশ বা, কেমিক্যাল



ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ : আড়াই বছর। সীট : ৬৯টি। (২) পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন সুগার ইঞ্জিনিয়ারিং। মেকানিক্যাল / প্রোডাকশন / ইলেক্ট্রিক্যাল / ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও AMIE থেকে ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। মেয়াদ : দেড় বছর। সীট : ২৮টি। (৩) পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ইন্ডাস্ট্রিয়াল ফার্মান্টেশন অ্যান্ড অ্যালকোহল টেকনোলজি। কেমিস্ট্রি / অ্যাপ্লায়েড কেমিস্ট্রি / ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি বা, বায়ো-টেকনোলজি নিয়ে বি.এসসি পাশ বা, বায়ো-টেকনোলজি / কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং / বায়ো-কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের বি.টেক কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ : ১ বছর ৪ মাস। সীট : ২৮টি। (৪) পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন সুগারক্যান প্রোডাক্টিভিটি ও ম্যাচুরিটি ম্যানেজমেন্ট। যে কোনো শাখার বি.এসসি পাশ বা, অ্যাগ্রিকালচারের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ : ১ বছর। সীট : ১৮টি। (৫) পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড প্রসেস অটোমেশন। ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন / ইলেক্ট্রনিক্স / ইন্সট্রুমেন্টেশন / ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স / অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন / ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন / ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বিষয় নিয়ে ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ : ১ বছর। সীট : ১৫টি। (৬) পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন কোয়ালিটি কন্ট্রোল অ্যান্ড এনভায়রণমেন্টাল সায়েন্স। ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স বা, জুলজি, বটানি, কেমিস্ট্রি নিয়ে বি.এসসি পাশ কিংবা এনভায়রণমেন্টাল সায়েন্সের বি.এসসি / বায়োটেকনোলজিতে বি.এসসি / বায়োটেকনোলজিতে বি.টেক কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ : ১ বছর। সীট : ১৫টি। (৭) সুগার ইঞ্জিনিয়ারিং সার্টিফিকেট কোর্স। মেকানিক্যাল / ইলেক্ট্রিক্যাল / প্রোডাকশন / ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ : ৫ মাস। সীট : ১৫টি। (৮) সার্টিফিকেট কোর্স ইন কোয়ালিটি কন্ট্রোল। ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়াদ : ৪ মাস। সীট : ১৫টি। (৯) সুগার বয়েলিং সার্টিফিকেট কোর্স। মাধ্যমিক কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। সঙ্গে কোনো ভ্যাকুয়াম প্যান সুগার ফ্যাক্টরিতে নমিনেশন-সহ অন্তত ৯০ দিনের (১ মরশুমে) প্যান অপরেশনের অভিজ্ঞতা থাকতে হবে। মেয়াদ : ৫ মাস। সীট : ৫৭টি।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-৭-২০১৮'র হিসাবে ৩৫ বছরের মধ্যে। প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। এই পরীক্ষা হবে ১০ জুন। চেন্নাই, দিল্লি, কানপুর, পটনা ও পুনের পাশাপাশি কলকাতায় পরীক্ষা কেন্দ্র আছে। ওপরের সব কোর্সের ক্ষেত্রে ফাইনাল ইয়ারের ছাত্র-ছাত্রীরাও আবেদনের যোগ্য। আবেদন করতে হবে অনলাইন বা, অফলাইনে। অনলাইনে আবেদন করবেন এই ওয়েবসাইটে : www.nsi.gov.in ডাকযোগে ফর্ম পেতে চাইলে ১,২০০ (এস.সি, এস.টি.'দের জন্য ৮০০) টাকার ডিমান্ড ড্রাফট পাঠাতে হবে। ড্রাফট পাঠাতে হবে Director, National Sugar Institute'র অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'কানপুর'। ফর্ম ও প্রস্পেক্টাস দেওয়া শুরু হবে ১৯ মার্চ থেকে। অনলাইনে আবেদন করা যাবে ১৯ মার্চ থেকে ৪ মে পর্যন্ত। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে আবেদনপত্রের ১ কপি প্রিন্ট আউট নেবেন। এটা পাঠাতে হবে। ডিমান্ড ড্রাফট ও প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ১৪ মে'র মধ্যে স্পীড পোস্ট বা, রেজিস্ট্রি ডাকে পৌঁছতে হবে নিচের ঠিকানায়। লিখিত পরীক্ষার জন্য অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ৩১ মে থেকে। লিখিত পরীক্ষা হবে ১০ জুন। যোগাযোগের ঠিকানা : Director, National Sugar Institute, Kalyanpur, Kanpur–208017, U.P.

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাধারণ জ্ঞান

## সাম্প্রতিক ঘটনা

১। অস্ট্রেলিয়ার উপ প্রধানমন্ত্রী এখন কে — মাইকেল ম্যাককরম্যাক।

২। ২০১৮ সালে 'ন্যাশনাল কনফারেন্স অন ই-গভর্নান্স'এর থিম কী ছিল — টেকনোলজি ফর অ্যাক্সেলেরাটিং ডেভেলপমেন্ট।

৩। ২০১৮ সালে যুক্তরাজ্যে অনুষ্ঠিত 'পলিটিক্যাল অ্যান্ড পাব্লিক



লাইফ পুরস্কার'এ কে 'জীবনকৃতি সম্মান' পেলেন — অভিনেতা-রাজনীতিবিদ শত্রুঘ্ন সিনহা।

৪। সৌদি আরবের শ্রম ও সামাজিক উন্নয়ন মন্ত্রকের প্রথম মহিলা ডেপুটি মিনিস্টার কে — তামাদার বিনতে ইউসুফ আল রামাহ।

৫। 'পশ্চিমবঙ্গ স্বরোজগার নিগম'এর ম্যানেজিং ডিরেক্টর এখন কে — রচনা ভগত।

৬। তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগানকে নিয়ে সম্প্রতি বাংলা ভাষায় প্রথম বই লেখা হল। বইটির নাম কী — 'এরদোগান দ্য চেঞ্জ মেকার' (বইটি তুরস্কের 'গাজি বিশ্ববিদ্যালয়'এর গবেষক হাফিজুর রহমানের লেখা)।

৭। ওড়িয়া সঙ্গীতশিল্পী অরবিন্দ মুদুলি (৫৬ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ১ মার্চ।

৮। 'সিভিল অ্যাকাউন্টস দিবস' কবে পালিত হয় — ১ মার্চ।

৯। টেলিভিশন চ্যানেল 'রাজ্যসভা টি.ভি'র এডিটর-ইন-চিফ এখন কে — রাহুল মহাজন।

১০। ২০১৮ সালে ভারতের কোন শহর ভারত-কোরিয়া বাণিজ্য সম্মেলন' আয়োজন করেছে — নয়াদিল্লি।

১১। 'নিমু বাজগো পাওয়ার প্রোজেক্ট' (NBPP) ভারতের কোন রাজ্যে আছে — জম্মু কাশ্মীর।

১২। ২০১৮ সালে 'বায়ো এশিয়া সম্মেলন'এর থিম কী ছিল — রাইট টাইম, রাইট নাউ।

১৩। 'সেন্ট্রাল ইনস্টিটিউট অফ সাইকিয়াট্রি' ভারতের কোন শহরে আছে — রাঁচি।

১৪। 'জাতীয় বিজ্ঞান দিবস' কবে পালিত হয় — ২৮ ফেব্রুয়ারি।

১৫। 'মারাঠা ভাষা দিবস' কবে পালিত হয় — ২৭ ফেব্রুয়ারি।

১৬। মেঘালয়ের মুখ্যমন্ত্রী এখন কে



— কনরাড কোঙ্গকাল সাংমা।

১৭। 'স্টেশন রেজ্যুভেনেশন থ্রো জয়েন্ট-অ্যাকশন' (SRIJAN) কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত — ভারতীয় রেলওয়েজ।

১৮। কাঞ্চি কামাকোটি পীঠমের প্রধান তথা ৬৯তম শঙ্করাচার্য গুরু জয়েন্দ্র সরস্বতী (৮২ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ২৮ ফেব্রুয়ারি।

১৯। ব্রিটিশ ঔপন্যাসিক পেম্নি ভিনসেনজি (৭৮ বছর), কবে মারা যান — ২০১৮ সালের ২৫ ফেব্রুয়ারি।

২০। ঝাড়খন্ডের চিফ সেক্রেটারি এখন কে — সুধীর ত্রিপাঠী।

২১। 'পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক'এর (PNB) গ্রুপ চিফ রিস্ক অফিসার এখন কে — এ.কে. প্রধান।

২২। সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি এস. রত্নভেল পান্ডিয়া (৮৯ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ১৮ ফেব্রুয়ারি।

২৩। ভারতের কোন রাজ্যে সম্প্রতি বিশ্বের বৃহত্তম সোলার উদ্যান চালু হয়েছে — কর্ণাটক।

২৪। ২০১৮ সালে সাংস্কৃতিক উৎসব 'ইন্ডিয়া বাই দ্য নিলে' কোন দেশে অনুষ্ঠিত হয়েছে — মিশর।

২৫। আর্মেনিয়া প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট এখন কে — আর্মেন ভার্দানি সার্কিসিয়ান।

২৬। ২০১৮ সালে ভারতের কোন শহর 'এফআই সিসিআই ফ্রেমস' আয়োজন করেছে — মুম্বই।

২৭। ২০১৮ সালে 'আকাদেমি অ্যাওয়ার্ডস'এ কে 'সেরা অভিনেত্রী'র পুরস্কার পেলেন — ফ্র্যান্সেস ম্যাকডরম্যান্ড।

২৮। কোন ভারতীয় নৌ কম্যান্ড পোর্ট ব্লেয়ারে বহুজাতিক মেগা ইভেন্ট 'মিলান ২০১৮' আয়োজন করেছে — আন্দামান ও নিকোবর নৌ কম্যান্ড।

২৯। ২০১৮ সালে 'সিগমৎসব উৎসব' ভারতের কোন রাজ্যে অনুষ্ঠিত হয়েছে — গোয়া।

৩০। ২০১৮ সালে 'বিশ্ব বন্যপ্রাণী দিবস'এর থিম কী ছিল — বিগ ক্যাটস : প্রেডাটরস আন্ডার থ্রিট।

৩১। ত্রিপুরার মুখ্যমন্ত্রী এখন কে — বিপ্লব কুমার দেব।

৩২। বলিউড অভিনেত্রী শাম্মি (৮৮ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ৬ মার্চ।

## খেলাধুলা

৩৩। আসন্ন 'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ'এ রাজস্থান রয়্যালসের অধিনায়ক কে হতে চলেছেন — স্টিভেন পিটার ডেভেরেয়াক্স স্মিথ।

৩৪। ২০১৮ সালে কে 'শীতকালীন অলিম্পিক্স'এ স্নো বোর্ড ও স্কিইংয়ে জোড়া সোনার পদক পেয়ে ইতিহাস গড়লেন — চেক প্রজাতন্ত্রের এস্টার লেডেচকা।

৩৫। ২০১৮ সালে 'বিজয় হাজারে ট্রফি'তে কোন দল চ্যাম্পিয়ন হল — কর্ণাটক (সৌরাষ্ট্রকে ৪১ রানে হারিয়ে)।

৩৬। ২০১৮ সালে পাতিয়ালায় অনুষ্ঠিত 'ভারতীয় গ্রাঁ প্রি অ্যাথলেটিক্স'এ মহিলাদের ৪০০ মিটার দৌড়ে কে সোনার পদক পেলেন — কর্ণাটকের স্নেহা পি.জে (৫৩.৯৩ সেকেন্ড সময় নিয়ে)।

৩৭। ২০১৮ সালে বুলগেরিয়ায় অনুষ্ঠিত 'স্ট্যান্ডিয়া আন্তর্জাতিক স্মৃতি বক্সিং টুর্নামেন্ট'এ কে 'সেরা বক্সার' নির্বাচিত হলেন — ভারতের বিকাশ কৃষাণ (মার্কিন যুক্তরাষ্ট্রের ট্রয় ইসলেকে হারিয়ে ছেলেদের ৭৫ কেজি বিভাগে সোনার পদক পান তিনি)।

৩৮। ২০১৮ সালে 'টাইমস অফ ইন্ডিয়া ক্রীড়া পুরস্কার'এ কে 'সেরা ক্রীড়াবিদ'এর সম্মান পেলেন — কিদাম্বি শ্রীকান্ত।

৩৯। কে ২০১৭ সালের 'বর্ষসেরা ক্রীড়াবিদ' হিসাবে 'লরিয়াস স্পোর্টস পুরস্কার' পেলেন — রজার ফেডেরার।

৪০। কে সম্প্রতি ভুটানের জাতীয় সিনিয়র দলের দায়িত্ব নিলেন — প্রাক্তন ইস্টবেঙ্গল কোচ ট্রেভর জেমস মরগ্যান।

৪১। কে সম্প্রতি আন্তর্জাতিক ক্রিকেটের ইতিহাসে সবথেকে কম



বয়সি (১৯ বছর) অধিনায়ক হওয়ার নজির গড়লেন — আফগান-ই-স্তানের স্পিনার রশিদ খান (জিম্বাবোয়েতে বিশ্বকাপের বাছাইপর্বের টুর্নামেন্টে আফগান-ই-স্তানকে নেতৃত্ব দেবেন তিনি)।

৪২। ২০১৮ সালে 'স্টিল এক্সপ্রেস কাপ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — মহামেডান স্পোর্টিং (বিএসএফকে ৪-১ গোলে হারিয়ে)।

৪৩। ২০১৮ সালে কে প্রথম ভারতীয় হিসাবে 'এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ মেয়েদের ৬৫ কেজি ফ্রিস্টাইলে কে সোনার পদক পেলেন — ভারতের নভজ্যোৎ কৌর (জাপানের মিয়া ইমাইকে ৯-১ ব্যবধানে হারিয়ে)।

৪৪। ২০১৮ সালে 'এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ মেয়েদের ৫০ কেজি ফ্রিস্টাইল বিভাগে কে রুপোর পদক পেলেন — ভারতের ভিনেশ ফোগাত।

৪৫। ২০১৮ সালে 'আই.বি.এস.এফ স্নুকার টিম বিশ্বকাপ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — ভারত।

৪৬। ২০১৮ সালে মেক্সিকোর গুয়াদালাজারায় অনুষ্ঠিত 'শ্যুটিং বিশ্বকাপ'এ ছেলেদের ১০ মিটার এয়ার পিস্তলে কে সোনার পদক পেলেন — ভারতীয় শ্যুটার শাহজার রিজভি (২৪২.৩ স্কোর করে)।

৪৭। ব্রিটিশ মিডল ডিস্ট্যান্স ক্রীড়াবিদ স্যর রজার গিলবার্ট ব্যানিস্টার (৮৮



বছর) কবে মারা যান — ২০১৮ সালের ৩ মার্চ (বিশ্বের প্রথম দৌড়বিদ হিসাবে ৪ মিনিটের কম সময়ে ১ মাইল দৌড়েছিলেন তিনি)।

৪৮। ২০১৮ সালে মেক্সিকোর গুয়াদালাজারায় অনুষ্ঠিত 'শ্যুটিং বিশ্বকাপ'এ মহিলাদের ১০ মিটার এয়ার রাইফেলে কে ব্রঞ্জ পদক পেলেন — বাংলার মেহুলি ঘোষ।

৪৯। ২০১৮ সালে মস্কোয় অনুষ্ঠিত 'তাল মেমোরিয়াল র‍্যাপিড দাবা'য় কে চ্যাম্পিয়ন হলেন — বিশ্বনাথন আনন্দ।

৫০। হল্যান্ডের কোন তারকা ফুটবলার সম্প্রতি আন্তর্জাতিক ফুটবল থেকে অবসর নিলেন — ওয়েসলি স্নেইডার।

৫১। সম্প্রতি 'কলকাতা নাইট রাইডার্স'এর নতুন অধিনায়ক কে হলেন — দীনেশ কার্তিক।

৫২। ইতালির ফুটবলার ডেভিড আস্তোরি (৩১ বছর) কবে মারা যান — ২০১৮ সালের ৪ মার্চ।

## সাধারণ বিজ্ঞান

৫৩। 'সাইক্লোট্রোন' কে আবিষ্কার করেন



— লরেন্স।

৫৪। পৃথিবীর বায়ুমণ্ডলে কোন গ্যাস সবথেকে বেশি থাকে — নাইট্রোজেন (৭৮.০৮%)।

৫৫। কোন কোন গ্যাস থেকে অ্যাসিড বৃষ্টি হতে পারে — সালফার ডাই অক্সাইড ও নাইট্রোজেন অক্সাইড।

৫৬। 'মাইক্রোচিপ' তৈরিতে কোন ধাতু ব্যবহার করা হয় — সিলিকন।

৫৭। ইলেক্ট্রিক সুইচ, কম্পিউটার ডিস্ক প্রভৃতির জন্য কোন পলিমার ব্যবহার করা হয় — বেকলাইট।

৫৮। কোন ধরণের প্লাস্টিক পুনর্ব্যবহৃত হতে পারে — থার্মোপ্লাস্টিক।

৫৯। বেকিং সোডার রাসায়নিক নাম কী — সোডিয়াম বাইকার্বনেট।

৬০। ফেরাস অক্সাইডের প্রভাবে কী বদল হয় — মরিচা ধরে।

৬১। লেবু ও কমলালেবুতে কোন অ্যাসিড থাকে — সাইট্রিক অ্যাসিড।

৬২। কোনো দ্রবণে চিনির পরিমাণ পরিমাপক যন্ত্রের নাম কী — স্যাকারিমিটার।

৬৩। সাবানের তুলনায় ডিটারজেন্টে বেশি ফেনা হয় কেন — ডিটারজেন্ট জলের পৃষ্ঠটান কমিয়ে দেয়।

৬৪। 'কাঁদানে গ্যাস'এর রাসায়নিক নাম কী — ক্লোরোপিকরিন।

৬৫। শব্দতরঙ্গ বহন করা কানের কোন অংশের কাজ — মধ্যকর্ণ।

৬৬। টেকনোমিটার যন্ত্র কী পরিমাপ করে — ঘূর্ণনের গতিবেগ।

৬৭। পেট্রোলচালিত গাড়ি কে আবিষ্কার



করেন — জার্মানির কার্ল বেঞ্জ।

## ইতিহাস

৬৮। ভারতের প্রথম ইংরিজি সংবাদপত্র কোনটি — দ্য বেঙ্গল গেজেট।

৬৯। কোন সংস্থা ১৮৮৫ সালে পুণেতে 'ফার্গুসন কলেজ' প্রতিষ্ঠা করেন — ডেকান এডুকেশনাল সোসাইটি।

৭০। ভারতের প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন — লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক।

৭১। পশ্চিমবঙ্গে 'ইস্ট ইন্ডিয়া কোম্পানি'র সদর দফতর কোথায় আছে — ফোর্ট উইলিয়াম।

৭২। 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন'এর প্রতিষ্ঠাতা কে — সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।

৭৩। কোন ভারতীয় প্রথম 'স্বরাজ' কথাটি ব্যবহার করেন — বালগঙ্গাধর তিলক।


৭৪। মোহনদাস করমচাঁদ গান্ধী কত সালে 'অল ইন্ডিয়া হরিজন সঙ্ঘ' প্রতিষ্ঠা করেন — ১৯৩২।

৭৫। কে প্রথম মোহনদাস করমচাঁদ গান্ধীকে 'জাতির জনক' আখ্যা দেন — সুভাষচন্দ্র বসু।

৭৬। 'তাজমহল' তৈরি করতে কত বছর সময় লেগেছিল — ২২ বছর।

৭৭। ১৫৫৬ খ্রিস্টাব্দে 'পানিপথের দ্বিতীয় যুদ্ধ' কাদের মধ্যে হয়েছিল — আকবর ও হিমু।


৭৮। কে প্রথম ইংরিজিতে 'ভগবদ গীতা'



অনুবাদ করেন — স্যার চার্লস উইলকিন্স।

৭৯। ১১৯২ খ্রিষ্টাব্দে কুতুব-উদ-দীন আইবক 'কুতুব মিনার' তৈরির কাজ শুরু করেন। কে 'কুতুব মিনার' তৈরির কাজ শেষ করেন — ইলতুৎমিস।

৮০। মোহনদাস করমচাঁদ গান্ধী কোন



জায়গায় প্রথম 'সত্যাগ্রহ আন্দোলন' শুরু করেছিলেন — চম্পারণ।

৮১। বীরবলের প্রকৃত নাম কী — মহেশদাস ব্রহ্মভাট।

৮২। কে 'ভারতের নেপোলিয়ন' নামে পরিচিত ছিলেন — সমুদ্রগুপ্ত।

৮৩। 'গায়ত্রী মন্ত্র' কোথায় লেখা আছে — ঋগ্বেদে।

৮৪। 'চাণক্য'র আরেক নাম কী — বিষ্ণু গুপ্ত।

## ভূগোল

৮৫। 'সর্দার সরোবর প্রকল্প' কোন নদীর ওপর তৈরি হয়েছে — নর্মদা।

৮৬। 'কল্পতরু বৃক্ষ' কাকে বলে — নারকেল গাছকে।

৮৭। আন্ধ্রা প্রদেশের 'ঘামাম' কীজন্য বিখ্যাত — আকরিক লোহার জন্য।

৮৮। ভারতের বৃহত্তম হোসিয়ারী বস্ত্র উৎপাদন কেন্দ্র কোথায় আছে — লুধিয়ানা।

৮৯। কোন অঞ্চলকে 'ভারতের রূঢ়' বলে — দুর্গাপুর।

৯০। ভারতের কোন প্রতিবেশী দেশে রেলপথ নেই — ভুটানে।

৯১। বিশ্বের বৃহত্তম বাঁধ কোনটি —



হীরাকুঁদ বাঁধ।

৯২। ছোটনাগপুর মালভূমির সব অনুচ্চ টিলা কী নামে পরিচিত — ডুংরি।

৯৩। 'দণ্ডকারণ্য' কোন কোন রাজ্যকে ঘিরে অবস্থান করছে — ওড়িশা, ছত্তিশগড় ও আন্ধ্রা প্রদেশ।

৯৪। 'প্লায়া হ্রদ' ভারতে কী নামে পরিচিত — ধান্দ।

৯৫। কোন প্রণালীর মাধ্যমে ভারত, শ্রীলঙ্কা থেকে বিচ্ছিন্ন — পক প্রণালী।

৯৬। চুনাপাথর গঠিত অঞ্চলে অনুর্বর মৃত্তিকা কী নামে পরিচিত — লিমো।

৯৭। 'কচ্ছ' শব্দের অর্থ কী — জলাময় দেশ।

৯৮। কোন দেশকে 'দারুচিনি দ্বীপ' বলে — শ্রীলঙ্কা।

৯৯। ভারতের সর্বোচ্চ মালভূমির নাম কী — লাদাখ।

১০০। ছত্তিশগড় সমতলভূমির উচ্চতা কত — ৩০০ মিটার।

১০১। 'কারাকোরাম পর্বত'এর সব হিমবাহের মধ্যে দীর্ঘতম কোনটি — সিয়াচেন।

সঙ্কলক : পলি দেওয়ান

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কলকাতা পুর নিগমে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

১ পাতার পর

শূন্যপদ ৫৭টি (জেনাঃ ১৯, জেনাঃ প্রতিবন্ধী ২, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৮, ও.বি.সি. - বি ক্যাটেগরি ৫)। এই পদের বিজ্ঞপ্তিনং Advertisement No. 11 of 2018.

প্রার্থী বাছাই করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। প্রথমে লিখিত পরীক্ষা হবে কলকাতায়। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পরে আপলোড করা হবে এই ওয়েবসাইটে : www.mscwb.org

দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mscwb.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে যাবতীয় তথ্য দেওয়ার পর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ২২০ ( তপশিলী, প্রতিবন্ধী হলে ৭০) টাকা জমা দেবেন চালানের মাধ্যমে, ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যে কোনো শাখায় এই অ্যাকাউন্ট নম্বরে : 0088010367936.এছাড়াও অনলাইনে বিল ডেস্কে জমা দিতে পারবেন। টাকা জমা দেবেন ১৭ এপ্রিলের মধ্যে। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

6-8 মাসের মধ্যে সরকারি চাকরির পরীক্ষায় সাফল্যের গ্যারান্টি দিচ্ছে "itee"। নতুন ব্যাচ শুরু হচ্ছে।
B.TECH, DIPLOMA & I.T.I. পাশ student দের সরকারি চাকরির প্রশিক্ষণ (ME, CE, EE, ECE, AE, CS ইত্যাদি)
Combined Course : SAIL, DCL, DMRC, TCL, KMDA, KMC, PSC-JE, SSC-JE ইত্যাদি।
itee
ALP, TECHNICIAN, GROUP - D & ASM পরীক্ষার প্রশিক্ষণ।
নতুন ব্যাচ শুরু হচ্ছে সত্ত্বর যোগাযোগ করুন।
RAIL-এর পরীক্ষা হবে ONLINE -এর মাধ্যমে, তাই সপ্তাহে ২টি ONLINE MOCK TEST সহ ক্লাসরুম কোচিং শুরু হচ্ছে।
দমদম 9830859046 | বারাসাত 9804820827

## ২৮ ফিঙ্গার প্রিন্ট এক্সপার্ট


১ পাতার পর

কম্পিউটারে বেসিক জ্ঞান থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০১৮'র হিসাবে ২১ থেকে ৩৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ৪৫ বছর বয়স পর্যন্ত বয়সে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৬ আর কাছের বেলায় ভালো চোখে ০/৫, খারাপ চোখে ০/৫। মূল মাইনে : ৯,০০০ -৪০,৫০০ টাকা ও গ্রেড পে ৪,৪০০ টাকা। শুরুতে ৩ বছরের প্রবেশন। প্রবেশন পিরিয়ডে সফল হলে কেন্দ্রীয় সরকারের সি.এফ.বি.পি.'এর অল ইন্ডিয়া বোর্ড এক্সামিনেশন অফ ফিঙ্গার প্রিন্ট এক্সপার্ট'এর পরীক্ষায় সফল হতে হবে ও সফল হলেই ফিঙ্গার প্রিন্ট এক্সপার্ট হিসাবে বিবেচিত হবেন। শূন্যপদ : ২৮টি (জেনারাল ১৩, ও.বি.সি. এ ক্যাটেগরি ৩, ও.বি.সি. - বি ক্যাটেগরি ২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ২, প্রতিবন্ধী ১)। এই পদের বিজ্ঞপ্তিনং : ৬/২০১৮। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। এজন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে। সফল হলে এরপর হবে ইন্টারভিউ। লিখিত পরীক্ষায় ২০০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল ইংলিশ (কমপ্রিহেনশন টেস্ট) ৪০ নম্বর, (২) জেনারেল অ্যাপ্টিটিউড (লজিক্যাল রিজনিং) ৪০ নম্বর, (৩) ফিজিক্স (লাইট, ইলেক্ট্রিসিটি, হিট, অপটিক্স, ইলেক্ট্রনিক ডিভাইস, কমিউনিকেশন সিস্টেম) ৪০ নম্বর, (৪) কেমিস্ট্রি (ফিজিক্যাল কেমিস্ট্রি, ইনঅরগ্যানিক কেমিস্ট্রি, অর্গানিক কেমিস্ট্রি) ৪০ নম্বর, (৫) অঙ্ক (রিলেশন ও ফাংশন, অ্যালজেবরা, প্রোব্যাবলিটি) ৪০ নম্বর। সময় থাকবে আড়াই ঘন্টা। এরপর ১০০ নম্বরের ইন্টারভিউ হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in দরখাস্ত করবেন শুধুমাত্র অনলাইনে, ৩ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in, www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে।

প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১৬০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না)। টাকা দিতে হবে ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ড কিংবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে, ৩ এপ্রিলের মধ্যে। এছাড়াও টাকা অফলাইনে দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে। টাকা জমা দিতে পারবেন ৪ এপ্রিলের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

ভর্তি চলছে
রেল গ্রুপ - ডি
শূন্যপদ 62,907 • Last Date: 31
উন্নত স্টাডি মেটেরিয়ালস, ক্লাস টেস্ট, মক টেস্ট ও নিয়মিত ক্লাস (3day)
অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন
বারাসাত
9073587432, 9432544262

কেন শুধু Computer সেন্টার চালাচ্ছেন ?
AWARD FOR RURAL SKILL DEVELOPMENT 2016
আসুন- আজ থেকেই চালান
PSPL TRAINING & COMMUNITY SERVICE CENTRE
COMPUTER সেন্টার + R.B.I দ্বারা স্বীকৃত wallet Services
300 + centres
CATALOGUE COURSES | GOVT. FUNDED TRAINING
ONLINE TICKET | ELECTRIC BILL | MONEY TRANSFER | INSURANCE | MINI ATM
ONLINE SHOPPING | HOTEL | AEPS | PAN | BANK BC | RECHARGE
COURSES: CERTIFICATE, DIPLOMA, ADV. DIPLOMA
ONLINE SYSTEM
TPA CERTIFICATION
RPL FACILITY
PENTACLE SYSTEMS PVT. LTD.
17 yrs of experience in skilling
Regd.under MCA & MORD, G.O.I
TP for SSCs, PMKVY, PBSSD etc.
Approved by Emp. exchange, Govt. of WB
Empanelled by WBSCL, Govt. of WB
পঃ বঃ সরকারের অনুমোদনে ও আর্থিক সহায়তায় বিভিন্ন জেলায় পঞ্চায়েত ও ব্লক স্তরে ট্রেনিং শুরু হতে চলেছে
NO FRANCHISE FEE
9874584660/8638537127
www.pentaclesystems.org
Kolkata off: Jalangi Complex, Action Area -1, New Town, Kolkata - 700156, WB.




A central government initiative to encourage enrollment of new employees under Social Security Network. Assured security to the workforce and relief to the employer



Salient Features:
- Government pays 8.33% EPS contribution for the new employees
- For selected sectors of Garment Industry, complete 12% contribution of the employer paid by the government
- Scheme applicable for new employees drawing monthly salary of upto Rs. 15,000
- Easy to operate through online enrolment and Aadhaar

For more information please log on www.pmrpy.gov.in

MINISTRY OF LABOUR & EMPLOYMENT

PM₹P
प्रधानमंत्री रोजगार प्रोत्साहन योजना

davp 23104/12/0054/1718

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কেরিয়ার

# শিল্প ও গবেষণায় এই মুহূর্তে সম্ভাবনাময় ক্ষেত্র ন্যানো প্রযুক্তি


**বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে নতুন দিগন্ত এনেছে ন্যানোবিজ্ঞান ও প্রযুক্তি। একটু দেরিতে হলেও ভারতের কৃষি থেকে ওষুধ ক্ষেত্রে এই প্রযুক্তির ব্যবহার ও প্রয়োগ হচ্ছে। কেরিয়ারের এই নতুন ক্ষেত্র নিয়ে খোঁজ-খবর দেওয়া হল এই প্রতিবেদনে।**

নিজস্ব প্রতিনিধি : নোবেল পুরস্কারপ্রাপ্ত বিজ্ঞানী রিচার্ড ফেইনম্যান যখন ন্যানোটেকনোলজির আতুড়ঘর দেখছেন, তখন অনেকেই ব্যাপারটা ঠিক বুঝতে পারেননি। অথচ ফেইনম্যান বলেছিলেন, 'দেয়ার ইজ প্লেনটি অফ রুমস অ্যাট দ্য বটম', অর্থাৎ পদার্থ ক্রমশ ছোট করা যায়। ছোট হতে হতে একসময়ে অণু বা, পরমাণুকে আমরা একেবারেই নিজেদের মতো ব্যবহার করতে পারব। শুধু এদেরকে টুকরো টুকরো করে এমনভাবে সাজিয়ে নিতে হবে, যে তা মানবকল্যাণে এক অতি শক্তিশালী প্রযুক্তি সহায়ক ভূমিকা পালন করতে পারে। বিজ্ঞানী ফেইনম্যানের ভবিষ্যৎবাণী ফলে গিয়েছে। এই মুহূর্তে ও আগামীদিনে বিজ্ঞানের এক অনন্য সুন্দর অবদান হিসাবে বিশ্বজুড়ে জায়গা করে নিতে চলেছে ন্যানো প্রযুক্তি।

এককথায় ন্যানো প্রযুক্তি হল প্রযুক্তি জগতের ক্ষুদ্রতম ও মহাশক্তিধর এক প্রযুক্তি। সাধারণ মানুষের কাছে যা এখনও অল পারপাস প্রযুক্তি হিসাবেই পরিচিত। এই প্রযুক্তির মাধ্যমে পদার্থকে ক্ষুদ্রতম কণায় পরিণত করা হয় যা হয়ে ওঠে কার্যকরী ও আর্থিক গুণসম্পন্ন। যা আয়তনে এতই ছোট যে অণুবীক্ষণ যন্ত্রেও তা অনেক সময় দেখা সম্ভব নয়। একক হিসাবে যাকে ন্যানোমিটার ধরা হয়। এক কোটি ন্যানোমিটারকে যোগ করলে এক মিটার হয়। যেমন মানবদেহের চুলের আয়তন ৮০,০০০-১,০০,০০০ ন্যানোমিটার। অথবা তুলনার সুবিধার জন্য একটি মশার দৈর্ঘ্যকে ধরা যেতে পারে। এর দৈর্ঘ্য হল ৪ মিলিমিটার। তাহলেই বোঝা যাচ্ছে ন্যানোমিটারের দৈর্ঘ্য। যা আমাদের শরীরের রক্তকণার থেকেও আয়তনে প্রায় আড়াই গুণ ছোট।

ক্ষুদ্র পদার্থের শক্তির আধার সম্পর্কে ইতিমধ্যেই আমরা বেশ কিছুটা পরিচিত। যেমন, মাইক্রো চিপস। ন্যানো টেকনোলজিতে এই চিপের তার এতই সরু যে, তাকে চেনা যায় না। এদের বলা হয় ন্যানিটাইস (Nanities)। ন্যানিটাইসের মাধ্যমে তৈরি কম্পিউটার — যা ন্যানোটেক হিসাবে পরিচিত। যাদের মাধ্যমে যে কোনো অবজেক্টের (পদার্থের) অতি ক্ষুদ্র পারমাণবিক স্তরেও কাজ করে কোনো নির্দিষ্ট স্তরের ফলাফল বলে দেওয়া সম্ভব।

**ন্যানো প্রযুক্তির ব্যবহার ও প্রয়োগ :** ন্যানো প্রযুক্তির ব্যবহার হয় প্রসাধন, খাদ্য প্রক্রিয়াকরণ, কৃষিক্ষেত্র, ভোগ্যপণ্য, চিকিৎসা, ওষুধক্ষেত্র, ইলেক্ট্রনিক্স ও বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে। যেমন লেজার টেকনোলজির মাধ্যমে চোখের দৃষ্টি বাড়ানোর কথা আমাদের জানা। ন্যানো টেকনোলজির মাধ্যমে এই কাজ আরও সহজ হবে ও দৃষ্টিশক্তিকে বাড়িয়ে দেওয়া হবে বহুগুণ। ঠিক তেমন ক্যান্সার চিকিৎসাও অনেক যত্নশীল উপায়ে করা সম্ভব হবে এই প্রযুক্তির মাধ্যমে। অতি রশ্মির মাধ্যমে ক্যান্সারজনিত আক্রান্ত রক্তকণিকার ন্যানোবটের মাধ্যমে সব ন্যানোসাইট সরাসরি প্রবেশ করিয়ে আশপাশের জায়গাকে নিরাপদ রেখে ওই নির্দিষ্ট অংশে অস্ত্রোপচার করে রোগীকে সারিয়ে তোলা সম্ভব হবে।




শুধু চিকিৎসাবিজ্ঞান নয়, এই প্রযুক্তির মাধ্যমে উপকৃত হবে বস্ত্রশিল্প, খাদ্য সংরক্ষণ ও সামগ্রিকভাবে খাদ্যপ্রক্রিয়াকরণ শিল্প। এছাড়া দারুণ রূপান্তর ঘটবে ক্রীড়াশিল্প বা, সামরিক অস্ত্রশিল্পের ক্ষেত্রেও। যেমন ক্রীড়াবিদরা চান হালকা অথচ শক্তিশালী বস্তু কিংবা গোপন ক্যামেরা আরও ছোট ও শক্তিশালী হোক। এ আমাদের অনেক দিনের বাসনা। ন্যানো প্রযুক্তির মাধ্যমে এসব সম্ভব। আবার এই প্রযুক্তির মাধ্যমে সৈন্যরা যুদ্ধক্ষেত্রে নিজেরাই হয়ে উঠতে পারেন এককেজন 'ওয়াকিং ট্যাঙ্ক'। কারণ ন্যানো প্রযুক্তির মাধ্যমে উৎপাদিত ন্যানোটিউব হবে ইস্পাতের চেয়েও ৬ গুণ শক্তিশালী।

তালিকা বাড়িয়ে লাভ নেই, তবে নিশ্চিতভাবে বলা যায়, ন্যানো প্রযুক্তির সুদূরপ্রসারি প্রভাব এখন বিজ্ঞান, প্রযুক্তি ও বিশেষত চিকিৎসাবিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে। ন্যানোপ্রযুক্তির গবেষক ও ইঞ্জিনিয়াররা পদার্থের গঠনকে ভেঙে আরও ক্ষুদ্রাতিক্ষুদ্র শক্তিশালী ও কার্যকরী পদার্থে রূপান্তর করে চলেছেন।

**পেশা ও কেরিয়ার ক্ষেত্র :** বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের সঙ্গে সঙ্গে ন্যানো প্রযুক্তি আজকের দিনে শিক্ষা ও কেরিয়ারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। কলেজ, বিশ্ববিদ্যালয় ও গবেষণাকেন্দ্রের গুরুত্বপূর্ণ বিষয় ন্যানো টেকনোলজি এক ইন্টারডিসিপ্লিনারি বিষয়, যেখানে আছে ইঞ্জিনিয়ারিং, প্রযুক্তি ও পিওর সায়েন্স, অর্থাৎ ফিজিক্স, কেমিস্ট্রি, মেটেরিয়াল সায়েন্স, বায়োলজির মতো বিষয়। যদি ন্যানো প্রযুক্তির ইঞ্জিনিয়ারিং দিক নিয়ে কাজের আগ্রহ থাকে তবে ডিগ্রি কোর্সে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনয়ারিং নিয়ে পড়া উচিত। এমনকি বায়োটেকনোলজি বিষয় নিয়ে পড়েও এই ক্ষেত্রে আসা যায়।

ন্যানোসায়েন্স নিয়ে কাজ করতে চাইলে ডিগ্রি কোর্সে ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে পড়া উচিত। বি.এসসি. পাশ করার পর ন্যানো টেকনোলজিতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স ও পরে পিএইচডি করতে পারেন।

ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ন্যানো টেকনোলজি ও সংশ্লিষ্ট বিষয়ে এম.টেক কোর্স পড়ানো ও পিএইচডি করানো হয়।

**কোথায় কী কোর্স পড়ানো হয় :** (১) যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা-৩২। কোর্স : এম.টেক ও পিএইচডি ইন ন্যানোসায়েন্স ও টেকনোলজি। (২) NIT, কালিকট, ওড়িশা। কোর্স : এম.টেক ইন ন্যানো টেকনোলজি। (৩) জামিয়া মিলিয়া ইউনিভার্সিটি, নয়া দিল্লি। কোর্স : এম.টেক ইন ন্যানো টেকনোলজি। (৪) আই.টি.আই, রুরকি। কোর্স : এম.টেক ও পিএইচডি ইন ন্যানো টেকনোলজি। (৫) NIT, ভোপাল। কোর্স : এম.টেক ইন ন্যানো টেকনোলজি। (৬) NIT, কুরুক্ষেত্র। কোর্স : এম.টেক ইন ন্যানো টেকনোলজি। (৭) MANIT, ভোপাল। কোর্স : এম.টেক ইন ন্যানোসায়েন্স অ্যান্ড টেকনোলজি। (৮) DTU. কোর্স : এম.টেক ইন ন্যানোসায়েন্স অ্যান্ড টেকনোলজি। (৯) IISC. কোর্স : এম.টেক ও পিএইচ.ডি ইন ন্যানোসায়েন্স অ্যান্ড টেকনোলজি। (১০) IIT, পাটনা। কোর্স : এম.টেক ইন ন্যানো টেকনোলজি।

**গবেষণা প্রতিষ্ঠান :** ভারতে বেশ কিছু প্রতিষ্ঠান ও গবেষণাকেন্দ্রে ন্যানো সায়েন্স ও ন্যানো টেকনোলজি বিষয়ে গবেষণার সুযোগ আছে। এইসব প্রতিষ্ঠান হল — (১) সেন্টার ফর রিসার্চ ইন ন্যানো টেকনোলজি অ্যান্ড সায়েন্স, আই.আই.টি, মুম্বই। (২) সেন্টার অফ ন্যানো টেকনোলজি, আই.আই.টি, রুরকি। (৩) ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার, মুম্বই। (৪) ইনস্টিটিউট অফ ন্যানো সায়েন্স অ্যান্ড টেকনোলজি, পঞ্জাব। (৫) IOM সেমি কনডাক্টর রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট বেঙ্গালউরু। (৬) সেন্টার ফর ন্যানো টেকনোলজি, আই.আই.টি, গুয়াহাটি। (৭) সেন্টার ফর ন্যানো টেকনোলজি অ্যান্ড ন্যানো সায়েন্স, জামিয়া মিলিয়া ইউনিভার্সিটি। (৮) সেন্টার ফর ন্যানো সায়েন্স অ্যান্ড টেকনোলজি, তিরুচিরাপল্লী।

ওপরের এইসব প্রতিষ্ঠান ছাড়াও NCBS, IISC, TIFR, JNCASR, IIT, NITS, IISER, BITS, BARC, CSIR, ইউনিভার্সিটি অফ হায়দরাবাদের ফিজিক্স, কেমিস্ট্রি, মেটেরিয়াল সায়েন্স ও বায়োলজিক্যাল সায়েন্স বিভাগেও ন্যানো প্রযুক্তি বিষয়ে গবেষণা হয়।

## কোথায় কেমন কাজের সুযোগ

আগামী দিনে বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে সবচেয়ে সম্ভাবনাময় ক্ষেত্র হতে চলেছে ন্যানোবিজ্ঞান ও প্রযুক্তি। এই প্রযুক্তির মাধ্যমে বস্তুকে ক্ষুদ্রাতিতম কণায় পরিণত করা হয় যা আধুনিক কৃষি, প্রসাধন, খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প, বায়োমেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং ও চিকিৎসা ক্ষেত্রে নতুন দিগন্ত আনছে। যদিও ভারতে এখনও ন্যানো প্রযুক্তি বিষয়টি উন্নতির স্তরে। এই ক্ষেত্র সম্পূর্ণ হতে আরও কিছুটা সময় লাগবে। এদেশে IISC, TIFR, NCBS, IIT ইত্যাদি প্রতিষ্ঠানে ন্যানো প্রযুক্তি বিষয়ে উল্লেখযোগ্য গবেষণার কাজ হচ্ছে। বিষয়টি বহুমুখী। বিষয়ের একদিকে যেমন আছে বিজ্ঞান ও অন্যদিকে তেমনি আছে প্রযুক্তি। ন্যানোসায়েন্স ও টেকনোলজি বিষয়ে এম.টেক, পিএইচ.ডি করার পর প্রসাধন, খাদ্য প্রক্রিয়াকরণ, মেডিসিন-ফার্মাসিউটিক্যাল, ইলেক্ট্রনিক্স, তথ্যপ্রযুক্তি শিল্পে চাকরির সুযোগ আছে তেমনি গবেষণা প্রতিষ্ঠানে গবেষক, বিজ্ঞানী হিসাবে কাজের সুযোগ আছে। 'নেট' / 'গেট' পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বিশ্ববিদ্যালয় / কলেজে অ্যাসোসিয়েট প্রফেসর হওয়ার সুযোগ আছে। অনুসন্ধিৎসু হলে রিসার্চ ফেলো হিসাবে কাজ করতে পারেন। মেধাবী প্রার্থীদের দেশের বাইরে মার্কিন যুক্তরাষ্ট্র, জার্মানি, ইংল্যান্ড, চিন ও সিঙ্গাপুরে চাকরি ও উচ্চশিক্ষার অনেক সুযোগ আছে।

পূর্ব ভারতে একমাত্র যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ন্যানো সায়েন্স ও টেকনোলজি বিষয়ে এম.টেক কোর্স পড়ানো হয় ফ্যাকাল্টি অফ ইঞ্জিনিয়ারিং বিভাগে। ফিজিক্স, কেমিস্ট্রি বা, ইলেক্ট্রনিক্স নিয়ে এম.এসসি. পাশ কিংবা ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, সিভিল, ইলেক্ট্রনিক্স, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বা, প্রিন্টিং ইঞ্জিনিয়ারিং নিয়ে বি.ই বা, বি.টেক পাশ ছেলেমেয়েরা এই কোর্সে ভরতি হতে পারেন। ভরতি নেওয়া হয় 'গেট'র স্কোর ও লিখিত পরীক্ষার ভিত্তিতে। সীট : ১৮টি। এর মধ্যে ১৩টি 'গেট' সফল প্রার্থীদের জন্য ও বাকি ৫টি স্পনসরদের জন্য। 'গেট' সফল প্রার্থীদের স্টাইপেন্ড দেওয়া হয়। ২ বছরের কোর্সটি পড়ানো হয় ৪টি সেমেস্টারে। কোর্সটি AICTE স্বীকৃত। এম.টেক পাশ করার পর এখানে পিএইচ.ডি করার সুযোগ আছে। ক্যাম্পাসিংয়ের মাধ্যমে বেশিরভাগ প্রার্থীর চাকরি হয়ে যায়। অনেকে আবার উচ্চশিক্ষা ও গবেষণার জন্য বিদেশে পাড়ি দেয়।

## স্কুল সার্ভিস কমিশনের

১ পাতার পর

ওয়েবসাইটে দেওয়া হবে।

অন্যদিকে, কর্মশিক্ষা ও শারীরশিক্ষা বিষয়ের যে লিখিত পরীক্ষা হয়েছিল, তার ফলও বেরিয়েছে। চেয়ারম্যান জানান, কর্মশিক্ষা বিষয়ে প্রায় ৪৭ হাজার ও শারীরশিক্ষা বিষয়ে প্রায় ১৪ হাজার প্রার্থী পরীক্ষা দিয়েছিলেন। দুই বিষয় মিলিয়ে শূন্যপদের সংখ্যা প্রায় ২,১০০'এর কাছাকাছি। মোট শূন্যপদের ১.৪ গুণ প্রার্থীকে সার্টিফিকেট ভেরিফিকেশন ও পার্সোন্যালিটি টেস্টের জন্য ডাকা হবে। সম্ভবত ১৯ থেকে ২৮ মার্চের মধ্যে সার্টিফিকেট ভেরিফিকেশন ও পার্সোন্যালিটি টেস্ট হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

সুবর্ণ সুযোগ
2018-20 সেশন
B.Ed - 55,000
M.Ed - 75,000
25 মার্চের মধ্যে ভর্তি হলে এই সুযোগ পাবেন
M. : 9609148600

## পাইলট হওয়ার সরকারি ট্রেনিং

ইন্দিরা গান্ধী রাষ্ট্রীয় উড়ান অ্যাকাডেমি 'পাইলট হওয়ার ট্রেনিং (সি.পি.এল. কোর্স)' দিচ্ছে। ফিজিক্স, অঙ্ক ও ইংরিজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা অঙ্ক ও ফিজিক্স বিষয়ে অন্তত ৫৫% (তপশিলী, ও.বি.সি. হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আর ইংরিজিতে পাশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে এই কোর্সে জয়েন করার দিন থেকে ন্যূনতম ১৭ বছর। ফী ৩৮ লাখ টাকা। টাকা দিতে পারবেন ৪টি কিস্তিতে। ছেলেমেয়েদের হস্টেল আছে। ১৮ মাসের কোর্স, তবে কোর্সের মেয়াদ বাড়তে পারে। সীট ৭৫টি (জেনাঃ ৩৮, ও.বি.সি. ২০, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৬)। সেশন শুরু ৫ সেপ্টেম্বর। সফল হলে কানপুরের ছত্রপতি সাহুজি মহারাজ বিশ্ববিদ্যালয় থেকে বি.এসসি. (অ্যাভিয়েশন) ডিগ্রি পাবেন। এই কোর্সে গ্রাউন্ড ও ফ্লাইং ট্রেনিং (সি.পি.এল. মাল্টি ইঞ্জিন এনড্রোসমেন্ট ও ইন্সট্রুমেন্ট রেটিং অন মাল্টি ইঞ্জিন এয়ারক্র্যাফট) হবে।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, পাইলট অ্যাপ্টিটিউট টেস্ট, ভাইভা ও ইন্টারভিউ বা, সাইকোমেট্রিক টেস্টের মাধ্যমে। অনলাইন লিখিত পরীক্ষা হবে ১২ মে, কলকাতা, দিল্লি, হায়দরাবাদ, লক্ষ্ণৌ ও মুম্বাইয়ে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল ইংলিশ, অঙ্ক, ফিজিক্স, রিজনিং অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স। প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক মানের। তপশিলী, ও.বি.সি.'রা কাট অফ নম্বরে ৫% ছাড় পাবেন। লিখিত পরীক্ষার ফল বেরোবে ৪ জুন। অ্যাপ্টিটিউট টেস্ট /ইন্টারভিউ হবে ২ জুলাই। চূড়ান্ত ফল বেরোবে ২৪ জুলাই। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ৫ মে। ইন্টারভিউ, অ্যাপ্টিটিউট টেস্ট ও সাইকোমেট্রিক টেস্টের জন্য তপশিলীরা দ্বিতীয় শ্রেণির রেল ভাড়া পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.igrua.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার স্ক্যান করে নেবেন। এছাড়াও পরীক্ষা ফী বাবদ ১০,০০০ টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দেবেন কিংবা স্টেট ব্যাঙ্কের চালানে জমা দেবেন। তপশিলীদের ফী লাগবে না।

